**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 18-03-2026** **Desk in Charge: SDG**
**Time: 1-40 PM** **Compiling: DSS**
**DEO: KB** **NRT: DSS**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১) আসন্ন বিধানসভা ভোটের আগে নির্বাচন কমিশন রাজ্য পুলিশ প্রশাসনের শীর্ষস্তরে আরও এক দফা রদবদল করেছে।

২/ অবাধ ও সুষ্ঠু নির্বাচনের দায়ভার, নির্বাচন কমিশনের না রাজ্যের, কলকাতা হাইকোর্ট তা' রাজ্যের অ্যাডভোকেট জেনারেলের কাছে জানতে চেয়েছে।

৩/ কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, নন্দীগ্রাম বিধানসভা আসনে হেরে যাওয়ার ভয়ে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবার সেখান থেকে দাঁড়াতে ভরসা পাননি।

৪/ তৃণমূল কংগ্রেসের প্রার্থী তালিকা প্রকাশের পরই একাধিক জেলা থেকে ক্ষোভ, বিক্ষোভ ও সংঘর্ষের খবর পাওয়া গেছে।

৫/ আইপ্যাক কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও অফিসে তল্লাশির ঘটনায় সুপ্রিমকোর্টে ইডির দায়ের করা মামলার আজ আবার শুনানি চলেছে।

#রাজ্য আবারো সময় চাইলে, কেন্দ্র তাদের বিরুদ্ধে অহেতুক পিছোনোর অভিযোগ এনেছে।

৬/ উড়ান চলাচলে যাত্রীদের সুলভ মূল্যে পরিষেবা দিতে, যেকোনো বিমানে নূন্যতম ৬০ শতাংশ আসন বিনামূল্যে বেছে নেওয়ার সুবিধা দেওয়ার জন্য, সব এয়ারলাইন্স সংস্থাকে নির্দেশ দেওয়া হয়েছে।

**********************************************************************

আসন্ন বিধানসভা ভোটের আগে নির্বাচন কমিশন রাজ্য পুলিশ প্রশাসনের শীর্ষস্তরে আরও এক দফা রদবদল করেছে। পাঁচটি রেঞ্জের DIG পদে রদবদলের পাশাপাশি বর্তমান আধিকারিকদের সরিয়ে অন্য পাঁচ জন IPS আধিকারিককে DIG পদে নতুন করে দায়িত্ব দেওয়া হয়েছে।

এই নির্দেশ অনুযায়ী, অমিতকুমার ভারত, রায়গঞ্জ রেঞ্জের DIG হচ্ছেন। এছাড়া অজিত সিং যাদবকে মুর্শিদাবাদ ও শ্রীহরি পান্ডেকে বর্ধমান রেঞ্জের DIG পদে আনা হয়েছে। কঙ্কর প্রসাদ বারুইকে প্রেসিডেন্সি রেঞ্জের DIG এবং অঞ্জলি সিংকে জলপাইগুড়ির DIG পদে দায়িত্ব দেওয়া হয়েছে।

নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে, এই নির্দেশ অবিলম্বে কার্যকর করে, আগামীকাল সকাল ১১-টার মধ্যে সংশ্লিষ্ট আধিকারিকদের যোগদানের রিপোর্ট পেশ করতে হবে। যাঁদের পদ থেকে সরানো হয়েছে, নির্বাচন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত, তাঁদের ভোট সংক্রান্ত কোন দায়িত্বে রাখা যাবে না বলেও কমিশন স্পষ্ট জানিয়েছে।

এদিকে, ২৩শে এপ্রিল মুর্শিদাবাদ জেলায় প্রথম দফার ভোট গ্রহণের আগে নির্বাচন কমিশন মুর্শিদাবাদ ও জঙ্গিপুর পুলিশ জেলার SP বদল করেছে। মুর্শিদাবাদের পুলিশ সুপার ধৃতিমান সরকারের পরিবর্তে দায়িত্ব দেওয়া হয়েছে শচীন মক্কারকে। অন্যদিকে, জঙ্গিপুর হোসেন মেহেদি রহমানের পরিবর্তে দায়িত্ব পেলেন সুরিন্দর সিং।

***************************

অবাধ ও সুষ্ঠু নির্বাচনের দায়ভার নির্বাচন কমিশন- না রাজ্যের, কলকাতা হাইকোর্ট তা রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্তের কাছে জানতে চেয়েছেন। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ, বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের দায়ের করা এক জনস্বার্থ মামলার প্রেক্ষিতে এই জবাবদিহি তলব করেছে। রাজ্যের তরফে জবাব দেওয়ার জন্য সময় চাওয়া হয়েছে শুক্রবার পর্যন্ত।

***************************

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, নন্দীগ্রাম বিধানসভা আসনে হেরে যাওয়ার ভয়ে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবার সেই কেন্দ্র থেকে দাঁড়াতে ভরসা পাননি।

সংসদ ভবনের বাইরে আজ তিনি সাংবাদিকদের বলেন, ভবানীপুরেও মুখ্যমন্ত্রী হারবেন। আগামী বিধানসভা নির্বাচনেই মমতা ব্যানার্জীর রাজনৈতিক জীবনের সমাপ্তি ঘটবে বলেও তাঁর দাবী।

( বাইট- সুকান্ত/ মমতা )

****************************

তৃণমূল কংগ্রেসের প্রার্থী তালিকা প্রকাশের পরই একাধিক জেলা থেকে ক্ষোভ,বিক্ষোভ ও সংঘর্ষের খবর পাওয়া গেছে।

**উত্তর ২৪ পরগনার দত্তপুকুর-নীলগঞ্জ** রোডে বিদায়ী বিধায়ক রফিকুর রহমান-কেই প্রার্থী করার দাবীতে টায়ার জ্বালিয়ে পথ অবরোধ করে বিক্ষোভ দেখান, দলীয় কর্মী সমর্থকরা। বিক্ষোভের জেরে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। বেশ কিছুক্ষণ চলার পর পুলিশের হস্তক্ষেপে অবরোধ তুলে নেওয়া হয়। রফিকুর রহমান অবশ্য এব্যাপারে কোন মন্তব্য করতে চাননি। দল যা সিদ্ধান্ত নিয়েছে, তিনি তাই মেনে নেবেন বলে মন্তব্য করেন।

অন্যদিকে, **মুর্শিদাবাদে,** টিকিট না পাওয়ায়, SIR কান্ডে ভাঙ্গচুরে অভিযুক্ত ফারাক্কার বিধায়ক মনিরুল ইসলাম, নির্দল প্রার্থী হিসেবে দাঁড়াবেন বলে ঘোষণা করেছেন। জেলায় আটটি আসনে নতুন মুখ এনেছে কমিশন।

এদিকে, দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং পূর্ব বিধানসভার প্রার্থী নিয়ে অসন্তোষ দেখা দিয়েছে। এই কেন্দ্রে দলের তরফে প্রার্থী করা হয়েছে বাহারুল ইসলামকে। দলের একাংশ এই প্রার্থীকে মানতে নারাজ। তাদের দাবি ক্যানিং পূর্বের বিদায়ী বিধায়ক সওকাত মোল্লাকে এই কেন্দ্রে প্রার্থী করতে হবে। প্রতিবাদে জীবনতলায় রাস্তার ওপর ট্যার জ্বালিয়ে বিক্ষোভ দেখান তার।

উঃ ২৪ পরগণার মিঁনাখায় প্রার্থী ঊষারাণী মন্ডলের নাম ঘোষণা হতেই ধুতুরদহ গ্রামে শাসকদলের দুই গোষ্ঠীর মধ্যে বচসা থেকে শুরু হয় ব্যাপক মারধর ও বোমাবাজি। দু’পক্ষের অন্তত ৯ জন গুরুতর জখম হয়েছেন। এদের মধ্য একজন মহিলার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কলকাতার আর জি কর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এদিকে, প্রার্থী না করায় তৃণমূল কংগ্রেসের জলপাইগুড়ি জেলার চেয়ারম্যান পদ থেকে পদত্যাগ করলেন জলপাইগুড়ি রাজগঞ্জের বিধানসভা আসনের চারবারের বিধায়ক খগেশ্বর রায়। এই আসনে খগেশ্বর রায় কে সরিয়ে এশিয়াডে সোনা জয়ী স্বপ্না বর্মনকে প্রার্থী করেছে তৃণমূল। প্রার্থী নিয়ে ক্ষোভ উগড়ে দিয়েছেন তৃণমূল কর্মী সমর্থকেরা।

পূর্ব বর্ধমানের মন্তেশ্বরে বিধানসভায় প্রাক্তন মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরীর নাম প্রকাশিত হওয়ার পরই মন্তেশ্বরের দীর্ঘনগর গ্রামে সিদ্দিকুল্লা চৌধুরী ও মন্তেশ্বর পঞ্চায়েত সমিতির সভাপতি আহমেদ হোসেন চৌধুরীর অনুগামীদের মধ্যে ব্যাপক সংঘর্ষ শুরু হয়। এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। জেলার খন্ডঘোষের তৃণমূল কংগ্রেসের প্রার্থী হিসেবে পুনরায় নবীন বাগের নাম ঘোষণা হতেই দলের মধ্যেই বিদ্রোহ। তাঁকে প্রার্থী হিসাবে মানছেন না দলের ব্লক সভাপতি সহ একঝাঁক নেতা। তাঁরা পদত্যাগ করার সিদ্ধান্ত নিয়েছেন।

***************************

মালদা বিধানসভায় বামফ্রন্ট CPI দল থেকে প্রার্থী করায়, CPIM-এর কর্মী সমর্থকদের একাংশ তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। ওই কেন্দ্র থেকে CPIM প্রার্থী না দেওয়া হলে, তারা গণইস্তফা দেওয়ার হুঁশিয়ারি দেন।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ২৯শে মার্চ রবিবার, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩২-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

***************************

আজকের প্রসঙ্গে এবারের বিষয় "কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির ভারত সফর এবং ভারত কানাডা দ্বিপাক্ষিক সম্পর্ক"এই বিষয় নিয়ে কানাডা প্রবাসী ভারতীয় বিজ্ঞানী ডঃ সৈকত বসুর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব। অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে নটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা পরিষেবা ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

***************************

আইপ্যাক কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও অফিসে তল্লাশির ঘটনায় সুপ্রিমকোর্টে ইডির দায়ের করা মামলার আজ আবার শুনানি চলেছে। এর আগে, বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রা ও বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চে এই মামলার গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছিল রাজ্য। দুই পক্ষর হলফনামা ও জবাবি হলফনামা জমা পড়ে আদালতে।

এদিকে, ইডির দায়ের করা মামলার গ্রহনযোগ্যতা নিয়ে আজ আদালতে দুই বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রা ও এন ভি আনজারিয়ার বেঞ্চে শুনানিতে রাজ্যের তরফে প্রশ্ন তুলে আরও কিছু সময় চাওয়া হয়। রাজ্যের আইনজীবী শ্যাম দেওয়ান বলেন, ইডি যে জবাবি হলফনামা দিয়েছে তাতে কিছু নতুন বিষয় রয়েছে। ইডি কোনও কর্পোরেট সংস্থা নয়। তাদের মামলা করারও অধিকার নেই। সেই জন্যে রাজ্যকে হলফনামা দিতে আরও কিছু সময় দেওয়া হোক।

অন্যদিকে, এর পাল্টা শীর্ষ আদালতে কেন্দ্র দাবি করে যে , রাজ্য এই মামলা অহেতুক পেছাতে চাইছে। কেন্দ্রের তরফে সলিসিটর জেনারেল তুষার মেহেতা অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার তদন্তে হস্তক্ষেপ করেছেন। ১৯ ফেব্রুয়ারির পর আজকে ফের শুনানি হচ্ছে। এতদিন সময় দেওয়া হলেও রাজ্য আরও

৪ সপ্তাহ পরে হলফনামা দিতে চাইছে। আসলে অহেতুক দেরি করার জন্য অজুহাত খোঁজা হচ্ছে বলেও তাদের দাবি।

উল্লেখ্য, চলতি বছরের ৮ জানুয়ারি আই প্যাক সংস্থার কর্ণধারের বাড়িতে ও অফিসে কয়লা কেলেঙ্কারির তদন্তে তল্লাশিতে বাধা দেওয়ার অভিযোগ করে সুপ্রিমকোর্টের দ্বারস্থ হয় ইডি।

***************************

উড়ান চলাচলে যাত্রীদের সুলভ মূল্যে পরিষেবা দিতে সরকার, যেকোনো বিমানে নূন্যতম ৬০ শতাংশ আসন বিনামূল্যে বেছে নেওয়ার সুবিধা দেওয়ার জন্য সব এয়ারলাইন্স সংস্থাকে নির্দেশ দিয়েছে। বিমান পরিবহনে স্বচ্ছতা এবং বৈষম্য রুখতে অসামরিক উড়ান চলাচল মন্ত্রক আজ ডিজিসিএ- মাধ্যমে এই নির্দেশিকা জারী করে। মন্ত্রক জানিয়েছে, একই পি এন আর থাকা যাত্রীদের একসঙ্গে আসন বরাদ্দ করতে হবে। সম্ভব হলে তা পাশাপাশি দেওয়াই বাঞ্ছনীয়। ক্রীড়া বা বাদ্যযন্ত্র পরিবহনের ক্ষেত্রে অত্যন্ত সতর্কতা এবং যত্ন সুনিশ্চিত করারও নির্দেশ দিয়েছে মন্ত্রক। গৃহপালিত পশুদের ক্ষেত্রেও একইভাবে স্বচ্ছ এবং স্পষ্ট নীতি প্রণয়নের নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, উড়ান বিলম্ব, বাতিল এবং বোর্ডিং এ অসম্মতির ক্ষেত্রে যাত্রীদের অধিকার সুরক্ষা কাঠামো কঠোরভাবে মেনে চলার ওপর জোর দেওয়া হয়েছে। এয়ারলাইন্সের ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, বুকিং প্ল্যাটফর্ম এবং বিমানবন্দরের কাউন্টারে যাত্রী অধিকার সংক্রান্ত নীতি স্পষ্ট ভাবে উল্লেখ করার আহ্বান জানানো হয়েছে। সচেতনতা মূলক যাবতীয় নির্দেশিকা যাত্রীদের আঞ্চলিক ভাষায় জানানোর জন্যও উড়ান সংস্থাগুলিকে নির্দেশ দিয়েছে কেন্দ্র।

***************************

বীরভূমের নলহাটি থানা এলাকায় পুলিশ গতরাতে প্রচুর পরিমাণে বিস্ফোরক উদ্ধার করেছে। গোপন খবরের ভিত্তিতে তল্লাশি চালিয়ে একটি ট্রাক্টর আটক করে পুলিশ। সেখানে থেকে ১০ হাজার জিলেটিন স্টিক ও ৩৬০-টি ডিটোনেটার পাওয়া যায়। গাড়ির চালক অবশ্য পলাতক। পুলিশ তার খোঁজে তল্লাশি চালাচ্ছে।

****************************

মুর্শিদাবাদের ফারাক্কার ভবানীপুরে আজ সকালে, এক ব্যাগ ভর্তি তাজা বোমা উদ্ধার করেছে ফারাক্কা থানার পুলিশ। সকালে রাস্তার পাশে সন্দেহজনক অবস্থায় ব্যাগটি পড়ে থাকতে দেখে পুলিশকে খবর দেয় স্থানীয় বাসিন্দারা। দিন কয়েকের ব্যাবধানে মুর্শিদাবাদের সামশেরগঞ্জ, সুতি, রঘুনাথগঞ্জ ও ফারাক্কায় একাধিকবার বোমা উদ্ধারের ঘটনায় বাসিন্দারা উদ্বেগে রয়েছেন।

**********************************************************************